

🔳 আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬:১৫৫

💵 আরবি মূল আয়াত:

وَ هٰذَا كِتٰبٌ اَنزَلنٰهُ مُبْرَكٌ فَاتَّبِعُوهُ وَ اتَّقُوا لَعَلَّكُم تُرحَمُونَ ﴿١٥٥﴾

🗚 অনুবাদসমূহ:

আর এটি কিতাব- যা আমি নাযিল করেছি- বরকতময়। সুতরাং তোমরা তার অনুসরণ কর এবং তাকওয়া অবলম্বন কর, যাতে তোমরা রহমতপ্রাপ্ত হও। — আল-বায়ান

আর এ কিতাব যা আমি অবতীর্ণ করলাম তা বরকতময়, কাজেই তা মান্য কর, আর আল্লাহকে ভয় করে চল, যাতে তোমাদের উপর দয়া বর্ষিত হয়। — তাইসিকল

আর আমি এই কিতাব অবতীর্ণ করেছি যা বারাকাতময় ও কল্যাণময়। সুতরাং তোমরা এর অনুসরণ কর এবং এর বিরোধিতা হতে বেঁচে থাক, হয়ত তোমাদের প্রতি দয়া ও অনুগ্রহ প্রদর্শন করা হবে। — মুজিবুর রহমান

And this [Qur'an] is a Book We have revealed [which is] blessed, so follow it and fear Allah that you may receive mercy. — Sahih International

১৫৫. আর এ কিতাব, যা আমরা নাযিল করেছি- বরকতময়। কাজেই তোমরা তার অনুসরণ কর এবং তাকওয়া অবলম্বন কর, যাতে তোমরা রহমতপ্রাপ্ত হও।

তাফসীরে জাকারিয়া

(১৫৫) এ কিতাব (কুরআন) আমি অবতরণ করেছি যা কল্যাণময়।[1] সুতরাং ওর অনুসরণ কর এবং সাবধান হও, হয়তো তোমাদের প্রতি দয়া প্রদর্শন করা হবে।

[1] এ থেকে বুঝানো হয়েছে কুরআন কারীমকে, যাতে দ্বীন ও দুনিয়ার যাবতীয় বরকত ও সমূহ কল্যাণ বিদ্যমান রয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=944

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন